وَقُل رَّبِّ زِدْنِي عِلْمًا

দারুল ইলম অনলাইন
ঘরে বসে দ্বীন শিক্ষা · darulilmonline.com

অভিভাবকদের জন্য

অনলাইন ক্লাস নির্দেশিকা

অভিভাবক ও শিক্ষার্থীদের জন্য — ঘরে বসে লাইভ ক্লাসে যোগ দেওয়ার সহজ নিয়ম

যা লাগবে

- ✓ স্মার্টফোন, ট্যাব বা কম্পিউটার
- ✓ হেডফোন বা ইয়ারফোন
- ✓ Gmail অ্যাকাউন্ট (ফোনের অ্যাপে)
- ✓ Google Meet অ্যাপ
- ✓ ইন্টারনেট — ভিডিওতে ৩ Mbps
- ✓ শান্ত কোণ, সামনে বই-খাতা

একবারই প্রস্তুতি

প্রথম দিন ৫ মিনিট

১ Google Meet অ্যাপ নিন

Play Store (Android) বা App Store (iPhone) থেকে নামিয়ে Gmail দিয়ে লগইন। কম্পিউটারে শুধু Chrome-ই যথেষ্ট।

২ অনুমতি দিন

অ্যাপ প্রথমবার ক্যামেরা ও মাইক চাইবে → **Allow**।

৩ অভিভাবক পোর্টালে ঢুকুন

darulilmonline.com/portal → আপনার নম্বর ও WhatsApp-এ পাওয়া গোপন কোড → **"মনে রাখুন"** টিক দিন।

৪ হোম স্ক্রিনে রাখুন

Chrome-এর তিন বিন্দু → **Add to Home screen** — পরে এক চাপেই খুলবে।

প্রতিদিন ক্লাসে যোগ দেওয়া

৫ ধাপ

১ ৫–১০ মিনিট আগে

ফোনে চার্জ ও ইন্টারনেট আছে কি না দেখুন, হেডফোন লাগান।

২ পোর্টাল খুলুন

ক্লাসের ১৫ মিনিট আগে সবুজ **"এখনই ক্লাসে যোগ দিন"** বাটন আসবে → চাপুন।

৩ আসল নাম লিখুন

Meet নাম চাইলে শিক্ষার্থীর আসল নাম — অচেনা নামে শিক্ষক ঢুকতে দেবেন না।

৪ Ask to join

চেপে অপেক্ষা করুন — শিক্ষক ১–২ মিনিটে ঢুকিয়ে নেবেন।

৫ ক্লাসে

মাইক বন্ধ রাখুন; শিক্ষক নাম ধরে ডাকলে খুলে ধীরে ধীরে পড়ুন। প্রশ্ন থাকলে **হাত তোলা** বাটন। শেষে লাল বাটনে বের হোন।

অডিও ক্লাস

কম ইন্টারনেটে

১ একইভাবে যোগ দিন

পোর্টাল থেকে “যোগ দিন” → ঢোকার আগে ক্যামেরা আইকনে চেপে বন্ধ (লাল দাগ)।

২ বই খোলা রাখুন

শিক্ষক পাতা নম্বর বলবেন — নিজের বই দেখে পড়বেন। ডেটা খরচ ভিডিওর প্রায় দশ ভাগের এক ভাগ।

পোর্টালে যা দেখবেন

darulilmonline.com/portal

- ✓ **পরবর্তী ক্লাস** — দিন, সময়, যোগ দেওয়ার বাটন
- ✓ **হাজিরা** — উপস্থিত, অনুপস্থিত, দেরি
- ✓ **ফি** — এই মাস দেওয়া হলো কি না
- ✓ **মাসিক রিপোর্ট** — শিক্ষকের লেখা অগ্রগতি

ক্লাসের আদব

- কুরআনের ক্লাসের আগে অযু করে নেওয়া উত্তম।
- ভদ্র পোশাক, বসে ক্লাস — শুয়ে নয়।
- সামনে বই ও খাতা রাখুন।

- ক্লাসের লিংক কাউকে দেবেন না, ক্লাস রেকর্ড করবেন না।
- ৬–৮ বছরের শিশুর পাশে অভিভাবক থাকুন।
- বড় মেয়েদের ক্লাস ক্যামেরা বন্ধ রেখে বা শিক্ষিকার কাছে।

সমস্যা হলে

সমস্যা	কী করবেন
আমার কথা শোনা যাচ্ছে না	মাইকে লাল দাগ থাকলে চাপুন; ফোনের Settings → Apps → Meet → মাইক Allow
শিক্ষকের কথা শুনতে পাচ্ছি না	ভলিউম বাড়ান; হেডফোন খুলে আবার লাগান
অনেকক্ষণ ঢুকতে পারছি না	৪–৫ মিনিট পরেও না হলে WhatsApp-এ জানান
ছবি আটকে যাচ্ছে	ক্যামেরা বন্ধ করুন, WiFi-এর কাছে বসুন
পোর্টালে “যোগ দিন” বাটন নেই	ক্লাসের ১৫ মিনিট আগে আসে — পেজ রিফ্রেশ করুন
কোড হারিয়ে ফেলেছি	WhatsApp-এ জানান — নতুন কোড পাঠানো হবে

অভিভাবক পোর্টাল
darulilmonline.com/portal

সাহায্য — WhatsApp
01329-173444

ফ্রি কোর্স
darulilmonline.com/learn